



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৩.২২.১৭০৮

তারিখ: ৫ পৌষ ১৪৩০

২০ ডিসেম্বর ২০২৩

বিষয়: বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য সড়ক পথে মোট ৭১০০ মে.টন বোরো'২৩ সিদ্ধ চালের চলাচলসূচি (সূচি নং-৪৩)

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর এর ১৮-১২-২০২৩ খ্রি.তারিখের ১৩.০১.০০০০.২৬১.৫০.০০৭.২২.৭২২ নং স্মারক

২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক রাজশাহী এর ০৬.১১.২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২৪৫.৩২.০০৩.২৩.৬৪৩ নং স্মারক

৩। সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলোর, ১২.১২.২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.৩০৪.১৭.২৮৭.১৮.১৫৫৩

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ১ ও ২ নং স্মারকের পত্রে চলমান আমন'২০২৩-২৪ সংগ্রহ মৌসুমে ধান ও চাল সংগ্রহের লক্ষ্যে সংশ্লিষ্ট এলএসডিসমূহে আগামী মার্চ'২০২৪ পর্যন্ত বিলি-বিতরণের জন্য চাল রেখে স্থানীয় চাহিদার অতিরিক্ত মজুত বোরো'২৩ সিদ্ধচাল বিভাগের বাইরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। অপরদিকে সাইলো অধীক্ষক ৩নং সূত্রস্থ স্মারকে সান্তাহার ওয়ারহাউসে মজুতকৃত আমন/২২-২৩ এবং রোরো'২৩ সিদ্ধ চাল সরানোর জন্য প্রস্তাব প্রেরণ করেছেন। তৎপ্রেক্ষিতে ঢাকা বিভাগের বিভিন্ন এলএসডিতে বিভিন্ন খাতে বিতরণের লক্ষ্যে বর্তমান মজুত, খালি জায়গা, সাশ্রয়ী রুট বিবেচনায় সড়ক পথে মোট ৭১০০ মে.টন বোরো'২৩ সিদ্ধ চালের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো:

ক) সড়ক পথে বোরো'২৩ সিদ্ধ চালের চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	ঠাকুরগাঁও	ঠাকুরগাঁও সদর এলএসডি	গাজীপুর	কালিয়াকৈর এলএসডি	২০০	বোরো'২৩ সিদ্ধ চাল	সড়ক	
২.	ঐ	ঐ	ঐ	জয়দেবপুর এলএসডি	২০০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	ঐ	শ্রীপুর এলএসডি	১০০	ঐ		
৪.	দিনাজপুর	পুলহাট এলএসডি	ঐ	ঐ	২০০	ঐ	ঐ	
৫.	ঐ	ঐ	ঐ	কালিগঞ্জ এলএসডি	৩০০	ঐ		
৬.	ঐ	ঐ	ঢাকা	সাতার এলএসডি	৩০০	ঐ		
৬.	ঐ	ঐ	ঐ	নারিশা এলএসডি	২০০	ঐ	ঐ	

৭.	ঐ	ঐ	ঐ	কোনাখোলা এলএসডি	৩০০	ঐ	ঐ	
৮.	ঐ	ঐ	ঐ	কলতাবাজার এলএসডি	২০০	ঐ	ঐ	
৯.	ঐ	মনমথপুর এলএসডি	ঐ	ঐ	৩০০	ঐ	ঐ	
১০.	ঐ	ঐ	মানিকগঞ্জ	দৌলতপুর এলএসডি	২০০	ঐ	ঐ	
১১.	ঐ	আমবাড়ী এলএসডি	ঐ	ঐ	১০০	ঐ	ঐ	
১২.	ঐ	ঐ	নারায়ণগঞ্জ	সোনারগাঁও এলএসডি	২০০	ঐ	ঐ	
১৩.	ঐ	মঞ্জলপুর এলএসডি	ঐ	মুড়াপাড়া এলএসডি	২০০	ঐ	ঐ	
১৪.	ঐ	বিরল এলএসডি	নরসিংদী	নরসিংদী এলএসডি	৩০০	ঐ	ঐ	
১৫.	ঐ	হিলি এলএসডি	ঐ	ঐ	২০০	ঐ	ঐ	
১৬.	ঐ	ঐ	রাজবাড়ী	পাংশা এলএসডি	৩০০	ঐ	ঐ	
১৭.	ঐ	ঐ	ঐ	নলিয়াগ্রাম এলএসডি	৩০০	ঐ	ঐ	
১৮.	জয়পুরহাট	কালাই এলএসডি		রাজবাড়ী সদর এলএসডি	২০০	ঐ	ঐ	
১৯.	ঐ	ঐ	ফরিদপুর	নগরকান্দা এলএসডি	৩০০	ঐ	ঐ	
২০.	বগুড়া	সান্তাহার এলএসডি	ঐ	সালথা এলএসডি	৩০০	ঐ	ঐ	
২১.	ঐ	সান্তাহার সিএসডি	ঐ	আলফাডাঙ্গা এলএসডি	২০০	ঐ	ঐ	
২২.	ঐ	ঐ	ঐ	মধুখালি এলএসডি	২০০	ঐ	ঐ	
২৩.	ঐ	ঐ	ঐ	সদরপুর এলএসডি	৩০০	ঐ	ঐ	
২৪.	ঐ	ঐ	ঐ	চরভদ্রাসন এলএসডি	২০০	ঐ	ঐ	
২৫.	ঐ	ঐ	ঐ	ভাংগা এলএসডি	২০০	ঐ	ঐ	
২৬.	ঐ	ঐ	শরীয়তপুর	ডামুড্যা এলএসডি	১০০	ঐ	ঐ	
২৭.	ঐ	সান্তাহার ওয়ারহাউস	ঐ	ঐ	১০০	ঐ	ঐ	
২৮.	ঐ	ঐ	ঐ	ভেদরগঞ্জ এলএসডি	৩০০	ঐ	ঐ	
২৯.	ঐ	ঐ	ঐ	গোসাইরহাট এলএসডি	৩০০	ঐ	ঐ	
৩০.	ঐ	ঐ	গোপালগঞ্জ	গোপালগঞ্জ এলএসডি	৩০০	ঐ	ঐ	
				মোট=	৭১০০			

নির্দেশনাসমূহ:

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে।

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত

১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮-০৪-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারক, ২৯-১১-২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারক, ২২-০৫-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৪৭৮ নং ও ২১-১২-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১৪৬৫ স্মারক ও ০২-০৫-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৫২৭ স্মারকের পত্রসমূহ কঠোরভাবে অনুসরণ করতে হবে;

৩। সুচির আওতায় প্রেরিতব্য খাদ্যশস্যের বস্তায় প্রযোজ্য ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের ০৯-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে নির্দেশনা অনুযায়ী সাইলো/ওয়ারহাউজ বা এলএসডি/সিএসডিতে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহকৃত খাদ্যশস্যের বস্তার অপর পৃষ্ঠে ডিজিটাল প্রিন্ট স্টেম্পিলের স্পষ্ট ছাপ প্রদান নিশ্চিত করতে হবে; স্টেনসিলবিহীন খাদ্যশস্য পরিবহণ করতে ঠিকাদারগণ বাধ্য নহেন;

৪। সুচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৫। চলাচল সুচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সুচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্ট মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহনকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৭। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সুচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না; ভি-ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সুচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সুচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে সুচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

১০। এ সুচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ

জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির মেয়াদ আগামী ২৭-১২-২০২৩ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোঝাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষ এর অনুমোদন রয়েছে।

২০-১২-২০২৩

মোঃ নাজমুল হক ভূঁইয়া

উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর/রাজশাহী/ঢাকা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৩.২২.১৭০৮/১(৯)

তারিখ: ৫ পৌষ ১৪৩০

২০ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল/ঢাকা
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক,
- ৭) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলএসডি

২০-১২-২০২৩

মোঃ নাজমুল হক ভূঁইয়া

উপপরিচালক